



বাংলা ট্রিবিউন

০৯-১২-২০২৩, অনলাইন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্মেলন



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ডক্টর এস আর লাক্কর লাইব্রেরির উদ্যোগে ওয়েবমেট্রিক্স, ইনফরমেট্রিক্স এবং সায়েন্টমেট্রিক্সের ওপর ১৭তম আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। তিন দিনব্যাপী এ সম্মেলনের শুরু হয়েছে শুক্রবার (৮ ডিসেম্বর)। বিশ্ববিদ্যালয়ের মঞ্জুর এলাহী অডিটোরিয়ামে এ আয়োজন করা হয়। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন এবং সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সৈয়দ মঞ্জুর এলাহী। তিনি বলেন, 'কনফারেন্সের আলোচ্য বিষয় ওয়েবোমেট্রিক্স, ইনফরমেট্রিক্স এবং সায়েন্টমেট্রিক্স বর্তমান ডিজিটাল যুগে জ্ঞান, গবেষণা এবং তথ্যের প্রভাব বোঝার এবং মূল্যায়ন করার ক্ষেত্রে অনেক গুরুত্বপূর্ণ। এই সম্মেলন শিক্ষাবিদ, গ্রন্থাগারিক, তথ্য প্রযুক্তি পেশাজীবী এবং নীতিনির্ধারকদের গবেষণা কার্যক্রমকে এগিয়ে নিতে একটি মূল্যবান প্ল্যাটফর্ম হয়ে থাকবে।'

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শামস রহমান। এতে বিশেষ অতিথি ছিলেন জার্মানির টেকনিশে ইউনিভার্সিটির তথ্য ও জ্ঞান ব্যবস্থাপনা বিভাগের সিনিয়র গবেষক ড. বার্ড মার্কশেফেল। সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন চীনের ডালিয়ান ইউনিভার্সিটি অব টেকনোলজি এবং ফ্রান্সের স্ট্রাসবোর্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জিন-চার্লস ল্যামিরেল। সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন এবং গ্রন্থাগারিক (ইনচার্জ) ড. দিলারা বেগম।

এবারের সম্মেলনে বিভিন্ন দেশের প্রায় ২৫০ জন গবেষক, গ্রন্থাগারিক, শিক্ষাবিদ এবং অন্যান্য পেশাজীবী অংশগ্রহণ করেন। সম্মেলনে মোট ৮৫টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়।